খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক প্রশিক্ষণ

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), প্রধান কার্যালয়সহ সাতটি আঞ্চলিক কার্যালয় যথা বরিশাল, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, ঝিনাইদহ, নেত্রকোনা, নোয়াখালী (সুবর্ণচর) এবং রংপুর (পীরগঞ্জ) এর মাধ্যমে দেশের জনগণের পুষ্টিস্তর উন্নয়নের লক্ষ্যে সারা দেশব্যাপী খাদ্যভিত্তিক (ফলিত পুষ্টি) পুষ্টি বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণের আয়োজন করে থাকে। বারটান মূলত দুই ধরনের প্রশিক্ষণ প্রদান করে।

- ***০৩ (তিন) দিনব্যাপী***: উক্ত প্রশিক্ষণে নতুন নিয়োগ প্রাপ্ত এসএএও, মৎস্য, প্রাণিসম্পদ ও স্বাস্থ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা, স্কুল/মাদ্রাসার শিক্ষক, ইমাম, পুরোহিত, ইউপি সদস্য, এনজিও কর্মী, তথ্যসেবা কর্মকর্তা/তথ্যসেবা সহকারী ও অন্যান্য কিষাণ-কিষাণী অংশগ্রহণ করেন। ০৩ (তিন) দিনব্যাপী প্রশিক্ষণে ২ ব্যাচে (৩০+৩০=৬০ জন) প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। বারটানের প্রশিক্ষণ ভবনসহ বিভিন্ন জেলা, উপজেলা কৃষি অফিসের প্রশিক্ষণ কক্ষ ও উপজেলা পরিষদ মিলনায়তনে এই প্রশিক্ষণ আয়োজন করা হয়ে থাকে।

- ***০১ (এক) দিন ব্যাপী:*** পিছিয়ে পরা ও অরক্ষিত পরিস্থিতিতে বসবাসকারী জনগোষ্ঠী বিশেষ করে বস্তিবাসী, প্রবাসী শ্রমিক, তৈরি পোশাক শ্রমিক, সুবিধাবঞ্চিত দরিদ্র জনগণদের নিয়ে ০১ (এক) দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে।

এই প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের বিভিন্ন খাদ্যের পুষ্টিগুণ, সুষম খাদ্যাভাস, দেশীয় পুষ্টিকর খাবার (যেমন- ফল, শাক-সবজি), খাবারের পুষ্টিমান সংরক্ষণ করে রান্না তথা পুষ্টির অপচয় রোধ, পরিষ্কার-পরিচ্ছন্নতা (WASH-Water, Sanitation & Hygiene) এবং প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যার বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়ে থাকে। এই প্রশিক্ষণলব্ধ জ্ঞান তাদের দৈনন্দিন/প্রাত্যহিক জীবনে সুস্থ, সবল ও কর্মক্ষম রাখতে সহায়তা করবে।

খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে মোট প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা (বছরভিত্তিক)

অর্থবছর	পুরুষ	নারী	প্রশিক্ষণার্থী
২০২২-২০২৩	৭২২০	৫৮৮২	১৩১০২
২০২১-২০২২	৭৭৪৭	৪৯৪৬	১২৬৯৩
২০২০-২০২১	৭৩৩৯	৪৬৬১	১২০০০
২০১৯-২০২০	৭৩৭৬	৪৬১৫	১১৯৯১
২০১৮-২০১৯	১১৭০১	৬৩০১	১৮০০২
২০১৭-২০১৮	৫০৯৯	৩২৯৭	৮৩৯৬
২০১৬-২০১৭	-	-	৭৭৮৫
২০১৫-২০১৬	-	-	৬৭৪২